



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ



১৭ চৈত্র, ১৪২৭

তারিখঃ -----

৩১ মার্চ, ২০২১

এসিডি সার্কুলার লেটার নং -০১

প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

ঢাকা/রাজশাহী।

নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০১ তারিখঃ ১৩/০৪/২০২০ এর ১(গ) অনুচ্ছেদ এবং এসিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখঃ ২৯/১২/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে গঠিত কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কিম' টি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সময়সীমা ৩০ জুন, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

এছাড়া, উক্ত সার্কুলারের ৪ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা 'কোনো একক খাতে ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত ঋণের ৩০% এর অধিক ঋণ বিতরণ করতে পারবে না' এর পরিবর্তে কোনো একক খাতে ঋণ বিতরণের সর্বোচ্চ সীমা ৪০% এ নির্ধারণ করা হলো।

এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শহীদ রেজা)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৬১২